গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মহসিনুল আলম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৩/১২/২০২০ খ্রিঃ |
| সভার সময় | ১০.৩০ |
| স্থান | অধিদপ্তরের কনফারেন্স রুম (৪০৩ নং কক্ষ) |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নের সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্র. | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | নভেম্বর/২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ। | কারও কোনো আপত্তি / সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | |
| ০২ | টেলিযোগাযোগ সেবা পরিচালনকারী প্রতিষ্ঠান সমূহের কার্যক্রমের সমীক্ষা প্রতিবেদন | সরকারি ও বেসরকারি টেলিযোগাযোগ সেবা পরিচালনকারীর অবকাঠামো ও সেবার বিস্তৃতি, সেবার মান ও গ্রাহক সন্তুষ্টি ইত্যাদি বিষয়ে সমীক্ষা পরিচালনা পূর্বক ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রতিবেদন প্রেরণ করার নিমিত্তে নিম্ন বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠণের সিদ্ধান্ত হয়-<br>০১) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ)-আহ্বায়ক<br>০২) পরিচালক (আইসিটি)-সদস্য<br>০৩) উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা)-সদস্য<br>০৪) উপপরিচালক (আইসিটি বাস্তবায়ন)-সদস্য<br>০৫) উপপরিচালক (ট্যারিফ)-সদস্য<br>০৬) উপপরিচালক (টেলিকম নিরাপত্তা)-সদস্য সচিব | অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি) |
| ০৩ | অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের কাজের গুনগত মান ও পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ করে প্রশিক্ষণের বাৎসরিক শিডিউল সংগ্রহ করতে হবে। সরকারী বিধি বিধান অনুসরণ করে অধিদপ্তরের কাজের সহিত মানানসই প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরী) |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | নভেম্বর, ২০২০ মাসের অধিদপ্তরের বিবিধ সেবার মনিটরিং প্রতিবেদন | টেলিযোগাযোগ অধিদপ্তরের বিভিন্ন শাখা হতে প্রদত্ত বেতন ভাতা, পিআরএল, লাম্পগ্র্যান্ড, জিপিএফ, পেনসন , কল্যান সংক্রান্ত সেবা সমূহের বিষয়ে সংশ্লিষ্টগণের অভিযোগ ও পরামর্শ প্রদানের জন্য একটি অভিযোগ বক্স স্থাপন করতে হবে। অভিযোগ জমাদানের জন্য একটি নির্ধারিত ফরম প্রণয়ন করতে হবে। প্রতি সপ্তাহে প্রাপ্ত অভিযোগসমূহ পর্যালোচনা পূর্বক প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া অধিদপ্তরে নিয়মিত গণশুনানীর পদক্ষেপ গ্রহণ করকে হবে। | পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) |
| ০৫ | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পের মাসিক অগ্রগতি প্রতিবেদন | প্রকল্পের আওতায় ৫৮ টি জেলার ১২৩ টি উপজেলার ৬৫০ টি স্কুল এবং ০৩ টি পার্বত্য জেলার ২৮ টি উপজেলার ৭৮ টি পাড়া কেন্দ্রের স্কুলসহ সর্বমোট ১৯৭৮ টি শ্রেণীকক্ষে প্রকল্পের কাজ চলমান রয়েছে। বৈদ্যুতিক ও ইন্টারনেট সুবিধা সম্বলিত প্রতিটি স্কুলের তিনটি শ্রেণীকক্ষে স্মার্ট টিভি, ল্যাপটপ, আইপিএস ও সোলার সিস্টেম স্থাপন করা হবে। প্রকল্পের পিআইসি এ পিএসসি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি) কর্তৃক প্রকল্পের ক্রয় পদ্ধতি চূড়ান্ত করা হয়েছে। প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ০৬ | কর্মপরিবেশ উন্নয়ন, স্বাস্থ্যবিধি অনুসরণ, গাড়ী টিওএন্ডইভূক্তকরণ, অকেজো মাল বিনষ্টকরণ এবং অফিসের পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধিকরণ সংক্রান্ত | কর্ম পরিবেশ উন্নয়নের নিমিত্তে কর্মকর্তা/ কর্মচারীদের অনুকূলে কমিটির সুপারিশকৃত বরাদ্দযোগ্য কক্ষের দাপ্তরিক আদেশ জারী করতে হবে। কোভিড-১৯ পরিস্থিতিতে কর্মকর্তা/ কর্মচারীদের স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণে ব্যবস্থা গ্রহণ করতে হবে। অধিদপ্তরের জন্য ০৩ টি জীপ, ০৬ টি কার এবং ০১ টি পিক আপ টিওএন্ডইভুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। অধিদপ্তরের অকেজো মালামাল থাকলে উহা বিনষ্টকরণযোগ্য হলে উহার তালিকা তৈরি করতে হবে।অধিদপ্তরের পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি কার্যক্রম জোরদার করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ০৭ | কর্মজীবন পরিকল্পনা প্রণয়ন | কর্মজীবন পরিকল্পনা নীতিমালা অনুসরণে বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারের সদস্যদের কর্মজীবনের অগ্রগতি এবং বিকাশ সম্পর্কিত গাইডলাইন প্রণয়নের কাজ আগামী ০১ (এক) মাসের মধ্যে চূড়ান্ত করতে হবে। | উপপরিচালক (আইটিইউ) |
| ০৮ | ডিজিটালসেবা ও সেবা সহজীকরণ | অধিদপ্তরের ইনথির ব্যবহারে গতিশীলতা আনয়নে অধিদপ্তরের কারিগরি সক্ষমতা বৃদ্ধি ও কর্মকর্তা/ কর্মচারীদের উৎসাহিতকরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। ইনভেনটরি ও ট্রান্সপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার চালুকরণের নিমিত্তে ক্রয় প্রক্রিয়া দ্রুত শেষ করতে হবে। এছাড়া সার্ভিস ট্র্যাকিং সিস্টেম সফটওয়্যার প্রবর্তণের নিমিত্তে ক্রয় প্রক্রিয়া দ্রুত শেষ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ইউওএসএফ ব্যবস্থাপনা) |
| ০৯ | ডিজিটাল ট্রান্সফরমেশন কৌশলপত্র | Formulation of comprehensive Digital Transformation Strategy (DTS) for Bangladesh শীর্ষক কৌশলপত্র প্রণয়নের কাজ দ্রুত শেষ করতে হবে। | উপপরিচালক (আইটিইউ) |
| ১০ | চতুর্থ তলার মিনি অডিটোরিয়াম চালুকরণ, কনফারেন্স কক্ষের পাশের কিচেন রুমে টি/ কফি কক্ষ চালুকরণ এবং কর্মকর্তাদের নামফলক লাগানো। | সহকারী পরিচালক (লাইব্রেরী) সভাকক্ষের এবং সহকারী পরিচালক (প্রশিক্ষণ) মিনি অডিটোরিয়ামের যাবতীয় রক্ষণাবেক্ষন ও পরিচালনা সংক্রান্ত কাজ উপপরিচালক (প্রশিক্ষণ)-এর অধীনে ন্যস্তকরণ সংক্রান্ত দাপ্তরিক আদেশ জারী করতে হবে। সিটিডিআর সেন্টারের যন্ত্রপাতির নিরাপত্তা বিবেচনা করে শুধুমাত্র সভাকক্ষে খাবার পরিবেশনের নিমিত্তে সভাকক্ষের পাশের কক্ষটি ব্যবহার করা যেতে পারে। কর্মকর্তা/ কর্মচারীদের কক্ষ বরাদ্দের দাপ্তরিক আদেশ জারীর পর নামফলক লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১১ | বিবিধ | ১) শুদ্ধাচার কর্মকৌশল পরিকল্পনা অনুসারে শাখা/ অধিশাখা/ অনুবিভাগের মাসিক ভিত্তিক পরিদর্শন কাযক্রম বাস্তবায়ন করতে হবে। প্রতিমাসের বাস্তবায়ন প্রতিবেদন প্রতি উইং থেকে অন্ততঃ একটি করে পরবর্তী মাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>২) করোনা পরিস্থিতির কারণে অবসর গ্রহনকারী কর্মকর্তাদের মধ্যে যাদের বিদায় সম্বর্ধনা প্রদান করা সম্ভব হয়নি তাঁদেরকে একত্রে একটি অনুষ্ঠানের মাধ্যমে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সকল কর্মকর্তাগণ/ পরিচালক (প্রশাসন) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মহসিনুল আলম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১৬৩

তারিখ: ১০ পৌষ ১৪২৭
২৫ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
২) পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৩) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৪) সিনিয়র সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৫) সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৬) অফিস কপি।

এস. এম ফরহাদ হোসেন
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)